



মহেশখালী-মাতারবাড়ি ইন্টিগ্রেটেড ইনফ্রাস্ট্রাকচার ডেভেলপমেন্ট ইনিশিয়েটিভ (মিডি)

মিডি কী?

মহেশখালী-মাতারবাড়ি ইন্টিগ্রেটেড ইনফ্রাস্ট্রাকচার ডেভেলপমেন্ট ইনিশিয়েটিভ (মিডি/MIDI) হলো বাংলাদেশের মহেশখালী ও মাতারবাড়ি অঞ্চলকে কেন্দ্র করে গৃহীত একটি বিশাল শিল্পায়ন পরিকল্পনা, যার কবলে পড়বে সমুদ্র উপকূলীয় ও নদী তীরবর্তী প্রায় ১৮,০০০ একর জমি।^১

মিডির কারণে কারা ক্ষতিগ্রস্ত হবে?

এ প্রকল্পের ফলে চট্টগ্রামের বিভিন্ন এলাকার মানুষ ক্ষতিগ্রস্ত হবে। তবে কিছু কিছু এলাকার বাসিন্দাদের জন্য এটি হবে চরম ধংসাত্মক। তাদের বসতবাড়ি, ব্যবসা প্রতিষ্ঠান, শিক্ষা প্রতিষ্ঠান ও জীবিকার ঐতিহ্যবাহী উৎসগুলো ব্যাপকভাবে উজাড় হওয়ার সম্ভাবনা আছে। নিচে এসব এলাকার নাম দেয়া হলো —

ধলঘাটা, পানির ছড়া, মুহুরিঘোনা, মাতারবাড়ি, উত্তর নলবিলা, কালিগঞ্জ, কালারমারছড়া, হোয়ানক, অমাবস্যাখালী ও মহেশখালী

মিডি পরিকল্পনা কাদের দ্বারা প্রণীত হয়েছে?



এক কথায় বলতে গেলে জাপান; সাথে রয়েছে বাংলাদেশ সরকার। তবে নির্দিষ্ট করে বলতে গেলে, এই উদ্যোগের মূল পরিকল্পনা ও বাস্তবায়নের সাথে সম্পৃক্ত আছে জাপান আন্তর্জাতিক সহযোগিতা সংস্থা (জাইকা/JICA), ইন্টারন্যাশনাল ডেভেলপমেন্ট সেন্টার অফ জাপান, পাদেকো কর্পোরেশন (জাপান) এবং প্যাসিফিক কম্বালট্যান্টস ইন্টারন্যাশনাল (জাপান)।^২ এছাড়াও চীন, দক্ষিণ কোরিয়া ও মার্কিন যুক্তরাষ্ট্র ভিত্তিক বেশ কিছু কোম্পানিরও জীবাশ্ম-জ্বালানীভিত্তিক প্রকল্প গড়ে তোলার পরিকল্পনা রয়েছে এই শিল্পকেন্দ্রকে ঘিরে।

মিডি নিয়ে কি কোনো গণশুনানী বা উন্মুক্ত আলোচনা অনুষ্ঠিত হয়েছে?



উত্তর হলো, না। এ প্রকল্পের কারণে ক্ষতিগ্রস্ত হতে যাওয়া মানুষদের নিয়ে এখনো কোনো গণশুনানী বা উন্মুক্ত আলোচনা অনুষ্ঠিত হয়নি। এ প্রকল্পের কারণে হাজার হাজার মানুষ বাস্তুচ্যুত হওয়াসহ নানাভাবে ক্ষতিগ্রস্ত হওয়ার সম্ভাবনা রয়েছে। অথচ আমাদের জানা মতে, এই ফ্যাক্টশিট ও ‘ফসিল ফ্রি চট্টগ্রাম’এ প্রকাশিত তথ্য ছাড়া এখন পর্যন্ত বাংলা ভাষায় মিডি সংক্রান্ত এমন কোনো তথ্য প্রকাশ করা হয়নি, যার মাধ্যমে মহেশখালী ও মাতারবাড়িসহ বৃহত্তর চট্টগ্রামের বাসিন্দারা এ প্রকল্পের ব্যাপারে যথেষ্ট সচেতন হতে পারেন।

মিডির সামাজিক প্রভাব মূল্যায়ন কি হয়েছে? হলেও এর প্রতিবেদন কি জনস্বার্থে প্রকাশ করা হয়েছে?



এ প্রশ্নের উত্তরও ‘না’। এ পরিকল্পনার ফলে বহু মানুষ — তথা গোটা জনপদকেই তাদের নিজেদের ভিটেমাটি থেকে উচ্ছেদ হতে হবে। ধ্বংস হবে ব্যবসা-বাণিজ্যসহ তাদের জীবিকার সকল উৎস। স্কুল, মসজিদ, কবরস্থানসহ সকল সামাজিক প্রতিষ্ঠানও পড়বে হুমকির মুখে। এমন ব্যাপক ধ্বংসযজ্ঞের সম্ভাবনা সত্ত্বেও এই প্রকল্পের ক্ষেত্রে আমাদের জানা মতে এখনো পর্যন্ত কোনো সামাজিক প্রভাব মূল্যায়ন করা হয়নি।

মিডি পরিকল্পনার পরিবেশগত প্রভাব মূল্যায়ন কি হয়েছে? হলেও এর প্রতিবেদন কি জনস্বার্থে প্রকাশ করা হয়েছে?




না। এই পরিকল্পনার আওতায় কয়লা ও আমদানিকৃত গ্যাস বিদ্যুৎকেন্দ্র, তেল-গ্যাস পাইপলাইন, তেল-গ্যাস ট্যাংক, কয়লা, তেল ও গ্যাস বন্দরসহ পরিবেশ ধ্বংসকারী বহু শিল্প অবকাঠামো নির্মিত হওয়ার কথা রয়েছে। অথচ সামগ্রিক পরিবেশগত প্রভাব মূল্যায়নের প্রতিবেদন প্রকাশ করা তো দূরের কথা, এখনো পর্যন্ত মূল্যায়ন পরিচালনাই করেনি।

1. <https://www.bd.emb-japan.go.jp/files/100333844.pdf>

2. “দ্যা ডেটা কালেকশন সার্ভে ফর স্ট্রেংদেনিং ফ্রেমওয়ার্ক অফ অপারেশন অ্যান্ড ইমপ্লিমেন্টেশন অফ দ্যা মহেশখালী-মাতারবাড়ি ইন্টিগ্রেটেড ইনফ্রাস্ট্রাকচার ডেভেলপমেন্ট ইনিশিয়েটিভ (মিডি)” শীর্ষক প্রতিবেদন। পূর্ণাঙ্গ প্রতিবেদন প্রকাশ জুলাই ২০২২


মিডি ও ক্ষতিগ্রস্ত এলাকার মানচিত্র



গুগল আর্থ-এ প্রদর্শিত প্রস্তাবিত মিডি এলাকা (এই মানচিত্রে প্রদর্শিত স্থান আনুমানিক হিসেবে ধরা হয়েছে এবং এটি শুধু প্রদর্শনের জন্যই ব্যবহার করা হয়েছে)

মিডি পরিকল্পনার সাথে কোন কোন বিদেশি কোম্পানি জড়িত?

এখানে অনেকগুলো বিদেশী কোম্পানি জড়িত। এদের মধ্যে উল্লেখযোগ্য হলো জাপানের জাইকা, জেরা, মারুবেনি, মিৎসুই অ্যান্ড কো., সুমিতোমো কর্পোরেশন ও মিৎসুবিশি কর্পোরেশন; যুক্তরাষ্ট্রভিত্তিক জেনারেল ইলেক্ট্রিক (জিই) ও এক্সেলারেট এনার্জি; চীনের চায়না পেট্রোলিয়াম পাইপলাইন ইঞ্জিনিয়ারিং, সিঙ্গাপুরভিত্তিক সামিট পাওয়ার ইন্টারন্যাশনাল।



মিডি সম্পর্কে আরো জানতে ভিজিট করুন www.fossilfreechattogram.com/MIDI
আপনার প্রশ্ন অথবা মতামত জানাতে ইমেইল করুন এই ঠিকানায় contact@fossilfreechattogram.com